

বিদেশী শিক্ষার্থীদের জন্য ভিসা সহজ করেছে সৌদি আরব

- A Monitor Desk Report

Date: 03 March, 2024



রিয়াদ: বিদেশী দক্ষ জনশক্তির দিকে নজর এখন সৌদি আরবের। এ পরিপ্রেক্ষিতে সাম্প্রতিক সময়ে একাধিক উদ্যোগ নিয়েছে দেশটির সরকার। এখন নতুন ভিসা স্কিমের মাধ্যমে বিদেশী শিক্ষার্থীদের আকৃষ্ট করতে চাইছে সৌদি আরব।

প্রতিবেদনে বলা হচ্ছে, সম্প্রতি দেশটির শিক্ষা মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয় বিদেশ থেকে শিক্ষাবিদ ও শিক্ষার্থীদের আকৃষ্ট করতে এবং দেশটিতে উচ্চ শিক্ষা গ্রহণের হার বাড়াতে স্টাডি ভিসার আওতায় নতুন কর্মসূচি চালু করেছে।

এ বিষয়ে সহযোগিতা করছে সৌদি সরকারের অনলাইন প্ল্যাটফর্ম 'স্টাডি ইন সৌদি'। সেখানে শিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় তথ্য ও নিয়মিত হালনাগাদ তথ্য সরবরাহ করা হচ্ছে। নতুন ভিসা সুবিধা গ্রহণ করার শুরুতেই বিশ্ববিদ্যালয়ে আবেদন করতে হবে। যাচাই-বাছাই শেষে সে আবেদন গৃহীত হওয়ার পর স্টাডি ভিসার জন্য আবেদন করতে পারবেন আগ্রহীরা।

প্ল্যাটফর্মটিতে উঠে আসা তথ্য অনুযায়ী, দেশটিতে স্নাতক অর্জনকারী আন্তর্জাতিক শিক্ষার্থীদের সংখ্যা ১ লাখের বেশি। বর্তমানে সৌদি আরবে ১৭০টির বেশি দেশের শিক্ষার্থী ও শিক্ষক রয়েছেন। সৌদি আরবে স্টাডি ভিসায় অন্তর্ভুক্ত শিক্ষার্থীদের মধ্যে ৮০ শতাংশ স্নাতক, ১২ শতাংশ মাস্টার্স ও পিএইচডি এবং ৮ শতাংশ ডিপ্লোমা ও উচ্চতর ডিপ্লোমার সঙ্গে যুক্ত।

-B